



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে গণিত অলিম্পিয়াড অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০২ ডিসেম্বর ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে ১৩তম স্নাতক গণিত অলিম্পিয়াডের বরিশাল বিভাগের আঞ্চলিক পর্ব ২০২২। অদ্য ২ ডিসেম্বর সকাল ৯টায় এ প্রতিযোগিতার উদ্বোধন করেন প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন এর পৃষ্ঠপোষকতায় এবং বাংলাদেশ গণিত সমিতির উদ্যোগে এ অলিম্পিয়াডের আয়োজন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের সহযোগী অধ্যাপক এবং ১৩তম স্নাতক গণিত অলিম্পিয়াডের বরিশাল অঞ্চলের আহবায়ক চিন্ময়ী পোদ্দারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন ড. মোঃ শফিউল আলম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ শওকত আলী, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মোঃ আব্দুল হাকিম খান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গণিত বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ সাখাওয়াত হোসেন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধানসহ গণিত বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ড. বিজন কৃষ্ণ সাহা ও প্রভাষক ড. মছুয়া জাহান রুপা। ১৩তম স্নাতক গণিত অলিম্পিয়াডের এ পর্বে বরিশাল, পটুয়াখালী, ঝালকাঠী, পিরোজপুর, বরগুনা, ভোলা, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর ও শরীয়তপুর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১০৪ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন। দিনব্যাপী আয়োজিত এ অলিম্পিয়াডের বরিশাল অঞ্চলের আঞ্চলিক সহযোগী ছিলো বরিশাল বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ। এদিন বিকাল ৪.৩০ টায় প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করবেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনসহ অন্যান্য অতিথিবৃন্দ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়